

সিরিয়ার রাসায়নিক অস্ত্র ধ্বংস করার পরকিয়ায় ভারত সাহয্যের প্রস্তাব দিলো

সিরিয়ার রাসায়নিক অস্ত্র ও আনুষঙ্গিক ব্যবস্থাপনা ধ্বংসের বিষয়ে হেগেতে প্রতিষ্ঠিত রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ সংগঠন(ওপিসিডব্লিউ)-এর ট্রাস্ট তহবিলে দশ লক্ষ মার্কিন ডলার সাহায্য করার সিদ্ধান্ত নিয়েছে ভারত সরকার।

সিরিয়ার রাসায়নিক অস্ত্র ধ্বংসের কাজ যাচাই করার জন্য ওপিসিডব্লিউ যেসব বিশেষজ্ঞদের নিয়োগ করছেন এবং ইউএন/ওপিসিডব্লিউ মিশনে যেসব ব্যক্তিদের নিয়োগ করা হচ্ছে ভারত তাদের পরিষেবা ও প্রশিক্ষণে সাহায্য করারও প্রস্তাব দিয়েছে।

রাসায়নিক অস্ত্র সন্ধিতে ভারত প্রারম্ভ থেকেই অংশীদার এবং ঐ সন্ধি অনুযায়ী রাসায়নিক অস্ত্রধর দেশ হিসাবে যাবতীয় অস্ত্র ধ্বংস করার কাজ সম্পন্ন করেছে।

এক নির্দিষ্ট সময়ের মধ্যে সিরিয়ার রাসায়নিক অস্ত্রের নিরাপত্তা ও ধ্বংস করার পরকিয়ার অগ্রগতি এবং রাসায়নিক অস্ত্র সন্ধিতে সিরিয়ার অংশীদারীকে ভারত স্বাগত জানাচ্ছে।

ওপিসিডব্লিউতে সহযোগিতা করার সিদ্ধান্ত ,বিশ্ব থেকে রাসায়নিক অস্ত্র চিরতরে ধ্বংস করার ভারতের ধারাবাহিক নীতির পরিচায়ক।

৩ ডিসেম্বর ২০১৩